দৈনিক ইত্তেফাক

তারিখ 16 JAN 2009
পৃষ্ঠা ২০ কলাম ৩

# ছাত্রলীগের কোন্দলে জাবি ক্যাম্পাস অশান্ত

## ৬ হলে তল্লাশি

### এক প্রভোস্টের পদত্যাগ

॥ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥

ছাত্রলীগের অভ্যন্তরীণ কোন্দলের জেরে সভাপতি, সেক্রেটারিসহ নেতা-কর্মীরা ক্যাম্পাসে ফিরে আসায় অশান্ত হয়ে উঠেছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস। বৃহস্পতিবার ভোরে ক্যাম্পাসের ৬টি আবাসিক হলে তল্লাশি চালিয়ে চারজনকে আটক ও কিছু রড, লাঠি ও হকিস্টিক উদ্ধার করে পুলিশ। বুধবার রাতে (১৯শ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## ছাত্রলীগের কোন্দলে

(২০ পৃঃ পর)

বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু হলের প্রভোস্ট পদত্যাগ করেন। বুধবার রাতে কামাল উদ্দিন হলে সংঘর্ষের ঘটনায় গুরুতর আহত ৩ জনকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতাল ও পঙ্গু হাসপাতালে ভর্তি করা হয়েছে। ক্যাম্পাসের বিভিন্ন আবাসিক হলে ও বিশ্ববিদ্যালয়ের প্রধান গেটে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

ছাত্রদলের নির্যাতনের শিকার হয়ে ক্যাম্পাস ছাড়ার দীর্ঘ এক বছর পর গত বুধবার রাতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগ সভাপতি-সেক্রেটারিসহ প্রায় ৪০ জন নেতা-কর্মী ক্যাম্পাসে ফিরে। এসময় তারা ছাত্রলীগের অয়ন গ্রুপকে আফম কামালউদ্দিন হল থেকে বের করে দিলে তারা বঙ্গবন্ধু হলে অবস্থান নেয়। সভাপতি সেক্রেটারি গ্রুপ সে সময় ক্যাম্পাসের কামাল উদ্দিন হলসহ ৪টি হলের নিয়ন্ত্রণ নেয় । অপরদিকে আজিবুর গ্রুপ ভাসানী হলে অবস্থান নেয় । উদ্ভূত পরিস্থিতিতে বঙ্গবন্ধু হলের প্রভোস্ট অধ্যাপক নূরুল হক ব্যক্তিগত কারণ দেখিয়ে পদত্যাগ করেন। বৃহস্পতিবার ভোর রাত থেকে বিভিন্ন আবাসিক হলে তল্লাশি চালিয়ে ৪ জন বহিরাগতসহ কিছু রড, লাঠি, হকিস্টিক উদ্ধার করে।